গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
আইপিএইচ স্কুল রোড
মহাখালী ঢাকা-১২১২ ।
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০১.৯০.০০১.২০-৫৩২

তারিখ : ২৫/০৩/১৪২৭ বঙ্গাব্দ
০৯/০৭/২০২০ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ নব যোগদানকৃত সিনিয়র স্টাফ নার্সগণের বেতন নির্ধারণ ও বেতন ভাতা প্রদান ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে,বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের ৩০.০৪.২০২০ খ্রিঃ তারিখের ৮০. ০০. ০০০০.৩০১(গোপনীয়).১১.২২২৪.১৮(অংশ-১)-৫১ পত্রের সুপারিশের আলোকে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ১০.০৫.২০২০ খ্রিঃ তারিখের ৪৫.০০.০০০০.১৭২.১১.০২০.১৯-১৪৩ স্মারক মূলে বিভিন্ন হাসপাতাল / স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে পদায়নকৃত নার্সগণের বেতন প্রদান ও বেতন নির্ধারণ (Pay Fixtion) এ নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো।

(১) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নির্দেশনা মতে কেবল ১৩.০৫.২০২০ খ্রিঃ তারিখে সিনিয়র স্টাফ নার্সগণ কর্তৃক নির্ধারিত হাসপাতালের প্রতিষ্ঠান প্রধান বরাবর যোগদানপত্র বিবেচিত হবে।

(২) যোগদান পত্রের অনুলিপি, নাম, আইডি/রেজিস্ট্রেশন/বিপিএসসি রেজিস্ট্রেশন নম্বর ইত্যাদি তথ্য মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর বরাবর চূড়ান্ত গ্রহণের জন্য স্ব-স্ব দপ্তর প্রেরণ করবেন।

(৩) বিপিএসসি ফলাফল/সুপারিশ পত্র ,স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন ও পদায়ন স্মারক নম্বরপত্র, প্রার্থীর ন্যাশনাল আইডি নম্বর (যদি থাকে) এবং অন্যান্য প্রাসঙ্গিক দলিলাদি (যদি থাকে ও প্রয়োজন হয়) দিয়ে স্ব-স্ব কর্মস্থল প্রধানের প্রত্যয়ন নিয়ে সংশ্লিষ্ট হিসাব রক্ষণ অফিসে বেতন হিসাব খুলবেন এবং দাপ্তরিক প্রধান ডিডিও এর মাধ্যম আইবাইসে বেতন ভাতা দাখিল ও অনুমোদন গ্রহণ করবেন।

(৪) ০১ জুলাই.২০২০ বেতন নির্ধারণে স্ব-স্ব হিসাব রক্ষণ অফিসে বিধি মোতাবেক বেতন নির্ধারণ করে নিবেন।

(৫) নিয়োগপ্রাপ্ত সিনিয়র স্টাফ নার্সগণের স্বাস্থ্য পরীক্ষার বিষয়ে মহাপরিচালক স্বাস্থ্য অধিদপ্তর হতে প্রদত্ত নির্দেশনা অনুসরণ করতে হবে।

(৬) বিধি মোতাবেক স্থানীয় কর্তৃপক্ষ যথাসময়ে নব নিয়োগপ্রাপ্ত সিনিয়র স্টাফ নার্সগণের পুলিশ ভেরিফিকেশন করে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে প্রেরণ করবেন। তবে যোগদানের তিন মাসের মধ্যে পুলিশ ভেরিফিকেশন সম্পন্ন করে পুলিশ ভেরিফিকেশন প্রতিবেদন নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।

(৭) নব নিয়োগপ্রাপ্ত সিনিয়র স্টাফ নার্সগণ বিধি মোতাবেক বেতন ভাতা ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন। এ খাতে প্রয়োজনীয় বরাদ্দ প্রদান করা হয়েছে।

(৮) জনস্বার্থে জারিকৃত এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
ই-মেইল-info@dgnm.gov.bd
ফোন -০২৯১৩৬৬৭৪

চীফ একাউন্স এন্ড ফিনান্স অফিসার(সিএএফও)
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

নং-৪৫.০৩.০০০০.০০১.৯০.০০১.২০-৫৩২/১(৫০০)

তারিখ : ২৫/০৩/১৪২৭ বঙ্গাব্দ
০৯/০৭/২০২০ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সচিব,স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব,জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সচিব,অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫। অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, --(সকল)।
০৬। যুগ্ম সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, --(সকল)।
০৭। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা/পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কারওয়ান বাজার, ঢাকা।
০৯। মহাপরিচালক/পরিচালক,--।
১০। চীপ একাউন্টস এন্ড ফিনান্স অফিসার (সিএএফও) , স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা ঢাকা।
১১। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল/সদর হাসপাতাল- --।
১২। যুগ্ম-প্রধান --সকল।
১৩। উপসচিব(নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। উপসচিব(নার্সিং সেবা-১/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। সিভিল সার্জন---।
১৬। সদস্য মহোদয়ের একান্ত সচিব, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
১৭। বিভাগ প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
১৮। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন, আগারগাঁও, ঢাকা।
১৯। রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, বিজয়নগর, ঢাকা।
২০। অধ্যক্ষ/নার্সিং ইন্সট্রাক্টর ইনচার্জ, নার্সিং কলেজ/নার্সিং ইনস্টিটিউট---।
২১। সহকারী পরিচালক(নার্সিং)/ডিষ্ট্রিক পাবলিক হেলথ নার্স--(সকল)।
২২। নিরীক্ষা ও হিসাব রক্ষন অফিসার, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়--------------------------------------।
২৩। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা--।
২৪। জেলা হিসাব রক্ষণ অফিসার/উপজেলা হিসাব রক্ষন অফিসার,---।
২৫। সেবা তত্ত্বাবধায়ক/সেবা উপ-তত্ত্বাবধায়ক--।
২৬। উপ-পরিচালক (পিএমআইএস) এ অধিদপ্তর। এ অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
২৭। জনাব---।

০৭/০৭/২০২০

মোহাম্মদ আব্দুল হাই, পিএএ
উপসচিব
পরিচালক (প্রশাসন,শিক্ষা ও প্রশিক্ষণ)